বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

চিনিশিল্প ভবন, ৩ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

২০১৬ সালের এপ্রিল মাসের কার্যসম্পাদনের পর্যালোচনা

১। ক) উৎপাদন:

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের অধীন ১৫ টি চিনিকলে ২০১৫-২০১৬ মাড়াই মৌসুমে ১৬০০০০০ মে.টন ইক্ষু মাড়াই করে ৭.৫৮% চিনি আহরণ হারে ১২১২৬০ মে.টন চিনি উংপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। করপোরেশনের কারখানাগুলোতে মাস-ওয়ারী পণ্য উৎপাদনের পরিসংখ্যান নিম্নরূপ:

মাসের নাম	পণ্যের নাম ও এককসহ উৎপাদনের পরিমাণ				মন্তব্য
	চিনি (মেঃটন)	চিটাগুড় (মে.টন)	স্পিরিট এন্ড এ্যালকোহল (প্রুফ লিটার)	ইঞ্জিনিয়ারিং পণ্য (মে.টন)	
জুলাই,২০১৫	অমৌসুম	অমৌসুম	৩৩০৪৪১	৪৯.২৫	
আগস্ট,২০১৫	অমৌসুম	অমৌসুম	২২৩৫১৯	১০০.৬৪	
সেপ্টেম্বর,২০১৫	অমৌসুম	অমৌসুম	৪০৬৭০২	৯২.৫১	
অক্টোবর,২০১৫	অমৌসুম	অমৌসুম	৩২২২৭৮	১১৫.২০	
নভেম্বর,২০১৫	৭২১১	৪১৫০	৩৪৬৩৫৬	১২৪	
ডিসেম্বর,২০১৫	১৯৭১৯.৭৫	১১৪২৬.৮৬	৪২২৪১৩	৭৩.৯০	
জানুয়ারী,২০১৬	২৫৭৩২.৩০	১৫২৪২.৬৫	২৩৬৪০৪	১০০.৮৬	
ফেব্রুয়ারী,২০১৬	৫১৮৮.৪০	৩০৬৭.৭৪	৫৫৪২৫৮	১০৮.৪৫	
মার্চ,২০১৬	৩২৯.৫০	১৮২০.৮৩	৩৮৩৪৯৪	১০৭.৩৫	
এপ্রিল,২০১৬	অমৌসুম	অমৌসুম	২১৬৩৮৬	৮৭.৫৫	
মে,২০১৬					
জুন,২০১৬					
মোট ঃ	৫৮১৮০.৯৫	৩৪৯৪৮.০৮	৩৪৪২২৫১	৯৫৯.৯১	

খ) উৎপাদন (পরিমাণ):

চিনি: এপ্রিল, ২০১৬ মাস চিনি উৎপাদনের অমৌসুম।

মোলাসেস: এপ্রিল, ২০১৬ মাস মোলাসেস উৎপাদনের অমৌসুম।

স্পিরিট ও এলকোহল :

এপ্রিল, ২০১৬ মাসে কেরু ডিস্টিলারিতে ৪৬৬৬৬৬.৬৭ প্রুফ লিটার স্পিরিট ও এ্যালকোহল উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ২১৬৩৮৬ প্রুফ লিটার উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ৪৬%। এ সময় পর্যন্ত উৎপাদন ৩৪৪২২৫১ প্রুফ লিটার। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ৩৮০৭৬৬১ প্রুফ লিটার। বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ১০% কম।

Ah
০৭/০৪/২০১৬

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি :

এপ্রিল, ২০১৬ মাসে রেনউইক,যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি ৯১.৬৭ মে.টন উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৮৭.৫৫ মে.টন উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ৯৬% । এ সময় পর্যন্ত উৎপাদন ৯৫৯.৯১ মে.টন। বাজার ও চিনিকলের যন্ত্রাংশের চাহিদার ভিত্তিতে ইঞ্জিনিয়ারিং পণ্যাদি উৎপাদন করা হয়। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ৭৩৯.৮৮ মে.টন। বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ৩০% বেশি ।

উৎপাদন ব্যয় :

এপ্রিল, ২০১৬ মাসে করপোরেশনের অধীনস্থ প্রতিষ্ঠানসমুহে উৎপাদিত পণ্যের উৎপাদন ব্যয় ১২২১.৭৫লক্ষ টাকা। এ মাসে উৎপাদন ব্যয়ের লক্ষ্যমাত্রা ৮৫৮.৬৪ লক্ষ টাকা। এ সময় পর্যন্ত উৎপাদন ব্যয় ৩৭৭৮৩.৫৭ লক্ষ টাকা। গত বছর এ সময়ে উৎপাদন ব্যয় ৪৩১২২.৬৮ লক্ষ টাকার তুলনায় ১২% কম।

২। বিক্রয় (পরিমাণ) :

চিনি :

এপ্রিল, ২০১৬ মাসে চিনিকলসমূহে ২৮১৫.৯৩ মে.টন চিনি বিক্রয় হয়। এ সময় পর্যন্ত চিনি বিক্রয়ের পরিমাণ ১০১০৬৬.৮৭ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ১০৬১৭৯.৩৫ মে.টন। বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ৪.৮১% কম।

মোলাসেস :

এপ্রিল, ২০১৬ মাসে চিনিকলসমূহে ৫০৫৪.০০ মে.টন মোলাসেস বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ২৪৩৬.৫৬ মে.টন মোলাসেস বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৪৮%। এসময় পর্যন্ত বিক্রয় ৩৭৭৫৩.৫৪ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত মোলাসেস বিক্রয় ছিল ৪৩২৬০.৭৯ মে.টন। বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ১২.৭৩% কম ।

স্পিরিট ও এ্যালকোহল ও ফরেন লিকার :

এপ্রিল, ২০১৬ মাসে কেরু ডিস্টিলারিতে ৪৬৬৬৬৬.৬৭ প্রুফ লিটার স্পিরিট, এ্যালকোহল ও ফরেন লিকার বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ২৮৫০৯০ প্রুফ লিটার বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৬১%। এ সময় পর্যন্ত বিক্রয় ৩১৮০৬৪৭ প্রুফ লিটার। গত বছর এসময়ে বিক্রয় ছিল ৩৩৭৯২৯৩.৮০ প্রুফ লিটার। বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ৫.৮৮% কম।

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি :

এপ্রিল, ২০১৬ মাসে রেনউইক, যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ৯১.৬৭ মে. টন ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ২১.০৭ মে. টন বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ২৩%। এ সময় পর্যন্ত বিক্রয় ৮২৪.৬৮ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ৫৫৬.৪১ মে.টন। বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ৪৮.২১% বেশি।

বিক্রয়(মূল্য) :

এপ্রিল, ২০১৬ মাসে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমূহে ২৮১৫.৯৩ মে. টন চিনি এবং অন্যান্য উৎপাদিত পণ্যাদি বিক্রয় বাবদ মোট ৩৩৭০.৮৫লক্ষ টাকা পাওয়া গিয়াছে যা এই মাসের বিক্রয় মূল্যের লক্ষ্যমাত্রা ৪২০৭.৫১ লক্ষ টাকার ৮০.১২%। এ সময় পর্যন্ত মোট বিক্রয় মূল্য ৬২২৪৫.৫১ লক্ষ টাকা যা বিগত বছরের একই সময়ে বিক্রয় মূল্য ৬৩৮০৯.৪৩ লক্ষ টাকার ২% কম। পণ্যভিত্তিক ও কারখানাভিত্তিক বিক্রয়ের পরিসংখ্যান ১১-১৬ নম্বর পৃষ্ঠায় এনেক্সার-২/এ ও ২/বি তে সংযুক্ত করা হল।

করপোরেশনের মাসওয়ারী প্রকৃত বিপণনের একটি পরিসংখ্যান নিম্নে দেওয়া হল :

মাসের নাম	পণ্যের নাম ও এককসহ প্রকৃত বিপণনের পরিমাণ				
	চিনি (মেঃটন)		চিটাগুড় (মে.টন)	স্পিরিট অ্যান্ড এ্যালকোহল (প্রুফ লিটার)	ইঞ্জিনিয়ারিং পণ্য (মে.টন)
	নিজস্ব উৎপাদিত	আমদানিকৃত			
জুলাই,২০১৫	৬৩১৭.০৮	-	২৫৬৪.৫৭	২৭৭২১৫	৫৭.১৮
আগস্ট,২০১৫	২৯০১.১৮	-	৫২০৪.৫৯	২৭৫১৪৯	৮৬.০০
সেপ্টেম্বর,২০১৫	৩৩৯৬.১০	-	৪১২০.৩৯	৩৫৬৭৬৮	৭৮.০০
অক্টোবর,২০১৫	৬৬৭০.১৫	-	৪৪৭২.৮৪	৩৪৯৬০৫	৭৪.০০
নভেম্বর,২০১৫	৯৬৯৭.৫১	-	৩৮২০.৭১	৩৩১৩৬৯	১৭০.০০
ডিসেম্বর,২০১৫	৪০৪৫৬.৯৫	-	৪১৭৬.৮৬	৩২৪৮৯২	৯৩.০৪
জানুয়ারী,২০১৬	২১৭৮৯.৫৩	-	৪৬৫৮.৭৭	৩৩২০৬৮	১৩০.০০
ফেব্রুয়ারী,২০১৬	২১৪৭.৩০	-	৪১৪৮.৪১	৩০১২৯৭	৭৮.০৫
মার্চ,২০১৬	৪৮৬৮.৯৫	-	২১৪৯.৮৬	৩৪৭১৯৪	৩৭.৩৪
এপ্রিল,২০১৬	২৮১৫.৯৩	-	২৪৩৬.৫৬	২৮৫০৯০	২১.০৭
মে,২০১৬		-			
জুন,২০১৬		-			
মোট ঃ	১০১০৬৬.৮৭	-	৩৭৭৫৩.৫৪	৩১৮০৬৪৭	৮২৪.৬৮

৩। উৎপাদিত দ্রব্যাদির মজুদ :

এপ্রিল, ২০১৬ মাসের শেষে চিনিকলসমূহে ১০৬৬৭৩.৬৮ মে.টন চিনি মজুদ রয়েছে। গত বছর এই মাসে চিনি মজুদের পরিমাণ ছিল ১৪০১৮২.২২ মে.টন। আলোচ্য মাস পর্যন্ত বিভিন্ন শিল্প কারখানায় উৎপাদিত পণ্যাদি ও চিনির মজুদ মূল্য দাঁড়ায় ৫৪৫১৭.০৬ লক্ষ টাকা যা গত বছরের এ সময়ের মজুদ মূল্য ৫৭০৩৩.১৫ লক্ষ টাকার তুলনায় ৪.৪১% কম। কারখানাভিত্তিক মজুদ বিবরণী ১৭-১৮ নং পৃষ্ঠায় এনেক্সার ৩ এ সংযুক্ত করা হল।

৪। উৎপাদন সহায়ক মালামালের মজুদ :

এপ্রিল, ২০১৬ মাসের শেষে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমূহে উৎপাদন সহায়ক মালামালের মজুদ মূল্য দাঁড়ায় ২১২৫.৭৮ লক্ষ টাকা যাহা বিগত বছর এই মাসের শেষে মজুদ মূল্য ২৩৬৬.৯৩ লক্ষ টাকার তুলনায় ১০% কম। উৎপাদন সহায়ক মালামালের বিবরণী ১৯-২১ পৃষ্ঠায় এনেক্সার-৪এ সংযুক্ত করা হল।

৫। শুল্ক ও কর প্রদান :

করপোরেশনের সদর দপ্তর ও অধীনস্থ শিল্প প্রতিষ্ঠানসমূহে হতে এপ্রিল, ২০১৬ মাসে ভ্যাট ও অন্যান্য কর বাবদ ৫৩১.১৬ লক্ষ টাকা (ভ্যাট ৫০৮.৭৩ লক্ষ টাকা এবং অন্যান্য কর ২২.৪৩ লক্ষ টাকা) প্রদান করা হয়। এ সময় পর্যন্ত ভ্যাট ও অন্যান্য কর বাবদ মোট ৬১৩৫.০১ লক্ষ টাকা প্রদান করা হয়।